

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১১.১৫-১৩৫

তারিখ: ২৮ বৈশাখ ১৪২২  
১১ মে ২০১৫

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মুহ: অলিউল হোসেন (পরিচিতি নম্বর ৬০১৯৭৭), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), খুলনা সড়ক বিভাগ, খুলনা (প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, চ: দা:, গাজীপুর সড়ক উপ-বিভাগ) গাজীপুর সড়ক বিভাগে কর্মরত থাকাকালীন সময়ে ২০১০-২০১১ ও ২০১১-২০১২ অর্থবছরে জয়দেবপুর-মির্জাপুর-টাঙ্গাইল-জামালপুর সড়কের চেইনেজ ০+০০০ হতে ২৬+০০০ কিলোমিটারে পিএমপি (মাইনর) কর্মসূচির আওতায় ৪৬৫.২৪ লক্ষ টাকা ব্যয়ে বিভিন্ন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ ত্বরিতভাবে করা হয়;

যেহেতু জয়দেবপুর-মির্জাপুর-টাঙ্গাইল-জামালপুর সড়কের উক্ত কাজ গুণগত মান বজায় না রেখে সম্পাদন করায় বিষয়টি তদন্ত করার জন্য তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ০৪.১২.২০১৩ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.০৭.০৫৪.১৩-৫৪২ সংখ্যক স্মারকে ০৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্ত কমিটি গত ০৯.০১.২০১৪ তারিখ ৩৫.০০.০০০০.০১২.২৭.০০৩.১৩-২০৮ সংখ্যক স্মারকে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে কাজের গুণগতমান বজায় না রেখে কাজ করার জন্য তিনি দায়ী মর্মে উল্লেখ করে;

যেহেতু কাজের গুণগতমান বজায় না রেখে কাজ করার কারণে ২০১২-২০১৩ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় উক্ত সড়কটিতে পুনরায় ১৫৬৪.০০ লক্ষ টাকার কর্মসূচি গ্রহণ করতে হয়েছে এবং এতে সরকারের বিপুল আর্থিক ক্ষতি হয়;

যেহেতু উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ ও বিধি ৩ (ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতা হওয়ায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ০৬/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ০৫.০৩.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০৬.০৪.২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে ২০১০-১১ ও ২০১১-১২ অর্থবছরে জয়দেবপুর-মির্জাপুর-টাঙ্গাইল-জামালপুর মহাসড়কে কৃত মাইনর পিএমপি'র কাজ মহাসড়কের উভয় পার্শ্বে শিল্প কারখানার অবস্থান হওয়ায় পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় জলাবদ্ধতায় ও ভারী যানবাহন প্রচুর সংখ্যায় চলাচল করায় প্রত্যাশিত সময় পর্যন্ত স্থায়ী হয়নি। তবে বিকল্প উদ্যোগে পানি নিষ্কাশনের মাধ্যমে Defect Liability Period পর্যন্ত কৃত কাজ ভাল অবস্থায় রাখা হয়েছিল ;

চলমান পাতা-২

সেহেতু এক্ষণে, এ প্রেক্ষাপটে জনাব মুহ: অলিউল হোসেন (পরিচিতি নম্বর ৬০১৯৭৭), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), খুলনা সড়ক বিভাগ, খুলনা (প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, চ: দা:, গাজীপুর সড়ক উপ-বিভাগ)-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলা নম্বর ০৬/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)  
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১১.১৫-১৩৫/১(১৪)

তারিখ : ২৮ বৈশাখ ১৪২২  
১১ মে ২০১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সেওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
১২. জনাব মুহ: অলিউল হোসেন (পরিচিতি নম্বর ৬০১৯৭৭), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), খুলনা সড়ক বিভাগ, খুলনা
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(মোহা: লিয়াকত আলী খান)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৮৪১২৮